

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬/সি আগারগাঁও  
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/এমএফএন্ডএসপিডি/এমএফ-২/২০০৯/১১৯৪

১৩ অক্টোবর ২০১৯

নির্দেশনা


যেহেতু bdnews24.com এ ৫০ কোটি টাকা বিনিয়োগ শীর্ষক সংবাদের প্রতি কমিশনের দৃষ্টি আকর্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহন করিয়াছে যে, পুঁজিবাজারের অব্যাহত উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে মিউচুয়াল ফান্ড সম্পর্কিত কতিপয় নির্দেশনা প্রয়োজন;

অতএব, সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 20A-তে প্রদত্ত ক্ষমতাবলে মিউচুয়াল ফান্ড ও উহার সংশ্লিষ্ট সকল পক্ষসমূহের ক্ষেত্রে এতদ্বারা নিম্নরূপ আদেশ প্রদান করিল, যথাঃ-

এল আর গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড নামক সম্পদ ব্যবস্থাপক কর্তৃক বা উহার ব্যবস্থাপনাবীন ফান্ডসমূহ হতে bdnews24.com এ ৫০ কোটি টাকা বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম এর সমুদয় তথ্যাদি আগামী ২৪ ঘন্টার মধ্যে কমিশনে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক কোম্পানীকে নির্দেশ প্রদান করা হইল। কমিশন কর্তৃক এতদসংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি ও বিশ্লেষণের পূর্বে উল্লেখিত বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকল পক্ষকে নির্দেশ প্রদান করা হইল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে



মোঃ মাহমুদুল হক  
পরিচালক।